কালের কণ্ঠ
(https://www.kalerkantho.com/)
জাতীয় (./online/national) | সারাবাংলা (./online/country-news) |
সারাবিশ্ব (./online/world) | বাণিজ্য (./online/business) |
বিনোদন (./online/entertainment) | খেলাধুলা (./online/sport) |
ইসলামী জীবন (./online/Islamic-lifestylie) | অন্যান্য ()
()
মঙ্গলবার । ১২ নভেম্বর ২০১৯। ২৭ কার্তিক ১৪২৬। ১৪ রবিউল আউয়াল ১৪৪১
আজকের পত্রিকা (./print-edition)
| এক নজরে | (./print-edition/all_headline) ই-পেপার | (http://www.ekalerkantho.com/) ফিচার | (./feature/)
শুভসংঘ | (./print-edition/shuvosongho/2019/11/09) কনভার্টার | (./converter)
অ্যাপ | (https://play.google.com/store/apps/details?id=com.kalerkantho&hl=en)
**English** (https://english.kalerkantho.com)

(https://www.facebook.com/kalerkantho) (https://twitter.com/KalerKanthoNews)
(https://www.youtube.com/channel/UCsBqX8QguRdkawdlNbIL1dw)

সিদ্ধেশ্বরী গার্লস কলেজ

# উচ্চ মাধ্যমিকে এগিয়ে অনার্স-মাস্টার্সে পিছিয়ে

দিন দিন বাড়ানো হচ্ছে নানা ধরনের ফি ▶ পরিবহনব্যবস্থা চান শিক্ষার্থীরা

**শরীফুল আলম সুমন ও তানজিদ বসুনিয়া** ১২ নভেম্বর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৫ মিনিটে

Share 10 প্রিন্ট (./home/printnews/838112/2019-11-12)




(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw
**Getting a Job in the US Might be Easier Than You Thinl**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**
অ- অ অ+

রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজে ১০টি বিষয়ে স্নাতক (সম্মান) এবং ছয়টি বিষয়ে মাস্টার্স বা স্নাতকোত্তর পর্যায়ে পড়ালেখার সুযোগ থাকলেও এর ঐতিহ্য মূলত উচ্চ মাধ্যমিক ঘিরেই। কারণ উচ্চ মাধ্যমিকে ফল যতটা ভালো হয় ততটা ভালো হয় না স্নাতক ও স্নাতকোত্তরে। তবে মেয়েদের প্রতিষ্ঠান হিসেবে অনেক অভিভাবকেরই আস্থা আছে কলেজটির ওপর। নিউ বেইলি রোডে ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত কলেজটিতে বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে পাঁচ হাজার। শিক্ষক আছেন ১১১ জন।

সম্প্রতি কলেজটিতে গিয়ে শিক্ষার্থীদের কাছে নানা সমস্যার কথাও শোনা যায়। সেখানে দূর-দূরান্ত থেকে ছাত্রীরা পড়তে গেলেও কোনো পরিবহনব্যবস্থা নেই। কলেজে ক্যান্টিন থাকলেও খাবারের মান নিয়ে বিস্তর অভিযোগ শিক্ষার্থীদের। সংস্কৃতিচর্চাসহ পাঠক্রমবহির্ভূত কার্যক্রমে উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীদের অংশগ্রহণ থাকলেও অনার্স-মাস্টার্সের তেমন নেই।

কলেজের নিজস্ব পরিবহনব্যবস্থা না থাকায় প্রতিনিয়ত ছাত্রীদের নানা সমস্যায় পড়তে হয়। উদ্ভিদবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের এক শিক্ষার্থী বলেন, 'এটা মেয়েদের কলেজ, তাই কর্তৃপক্ষের উচিত বাসের ব্যবস্থা করা। কিন্তু আমাদের সমস্যা নিয়ে তাদের ভাবার সময় কম।'

উত্তরা থেকে কলেজে যান ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী বদরুন নাহার পান্না। তিনি বলেন, 'সকালের ক্লাস ধরার জন্য প্রতিদিন দুই-আড়াই ঘণ্টা আগে বাসা থেকে বের হতে হয়। কিন্তু তার পরও জ্যামে আটকে থাকায় মাঝেমধ্যে ক্লাস মিস হয়ে যায়। তা ছাড়া লোকাল বাসে যাতায়াত করতে নানা সমস্যায় পড়তে হয় মেয়েদের।'

বাসাবো থেকে নিয়মিত কলেজে গিয়ে ক্লাস করেন স্নাতকোত্তরের শিক্ষার্থী প্রিয়াংকা বাউল। কলেজে রিকশায় যাতায়াত করতে প্রতিদিন তাঁর খরচ হয় ২০০ টাকা। তিনি বলেন, 'আমাদের মেয়েদের জন্য পরিবহনব্যবস্থাটা খুবই দরকার।'

এ ছাড়া শিক্ষার্থীদের জন্য ক্যান্টিন থাকলেও সেখানকার খাবার নিয়ে হতাশা ব্যক্ত করেছেন অনেক শিক্ষার্থী। ব্যবস্থাপনা বিভাগের স্নাতকোত্তর স্তরের শিক্ষার্থী সাদিয়া রহমান বলেন, 'আমাদের ক্যান্টিনের পরিবেশ যতটা

সুন্দর, ক্যান্টিনের খাবারের মান ততটাই খারাপ।' একই বিভাগের শিক্ষার্থী শিমু আক্তার বলেন, 'ক্যান্টিনের খাবারের মান সাধারণ মানেরও নিচে। এই দিকে আমাদের কলেজ কর্তৃপক্ষের একটু দৃষ্টিপাত করা উচিত।'

কলেজটিতে গার্লস গাইড, রোভার স্কাউট, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), ইংলিশ ল্যাঙ্গুয়েজ ক্লাব, বাংলা সংঘ ও মাদকবিরোধী সংগঠন আছে। তবে এসব সংগঠনের সদস্যদের প্রায় সবাই উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থী। উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীরা সংস্কৃতিচর্চায় এগিয়ে থাকলেও স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের তেমন কোনো অংশগ্রহণ নেই।

অনার্সের কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা যায়, আগে স্নাতক শেষ করতে চার বছরে মোট খরচ হতো প্রায় এক লাখ ২০ হাজার টাকা। এর মধ্যে মাসিক টিউশন ফি দিতে হতো ৬০০ টাকা, ফরম পূরণ বাবদ পাঁচ হাজার টাকা এবং প্রতিবছর ভর্তি ফি ১২ হাজার থেকে ১৫ হাজার টাকা করে দিতে হতো। বর্তমানে তা বেড়ে দ্বিগুণ হয়েছে। এখন মাসিক টিউশন ফি এক হাজার ২৭৫ টাকা। ফরম পূরণ ও ভর্তি ফিও বেড়েছে। অনার্স শেষ করতে দুই লাখ টাকা ব্যয় হয় এখন।

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw
**Getting a Job in the US Might be Easier Than You Thinl**
Jobs USA | Search Ads | Sponsored (https://popup.taboola.com/en/?templat

সিদ্ধেশ্বরী গার্লস কলেজ থেকে ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা থেকে মোট এক হাজার ৪০ শিক্ষার্থী অংশ নিয়ে কৃতকার্য হয়েছে এক হাজার ২৮ জন, পাসের হার ছিল ৯৮.৮৫ শতাংশ। ২০১৮ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় তিন শাখা থেকে মোট এক হাজার ৩৯ জন অংশ নিয়ে পাস করে ৮৯১ শিক্ষার্থী। সে বছর পাসের হার ছিল ৮৫.৭৬ শতাংশ।

সর্বশেষ স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত (২০১৭ সালে) ফলে ছয়টি বিভাগে ৩২৪ জনের মধ্যে সিজিপিএ ৩-এর ওপরে পেয়েছেন ১৫৪ জন এবং এর নিচে পেয়েছেন ১৭০ জন। ২০১৬ সালের প্রকাশিত ফলেও ছয়টি বিভাগ থেকে মোট ৩২৯ জনের মধ্যে সিজিপিএ ৩-এর ওপরে পান ১১৮ জন, এর নিচে পেয়েছেন ২১০ জন।

২০১৭ সালের স্নাতকোত্তর পর্যায়ে মোট পাঁচটি বিভাগ থেকে ১৬২ জন পরীক্ষার্থী অংশ নেন। তাঁদের মধ্যে ১৩৭ শিক্ষার্থীর ফল সিজিপিএ ৩-এর ওপরে আর বাকি ২৫ জনের ফল তিনের নিচে।

কলেজের অধ্যক্ষ কানিজ মাহমুদা আক্তার কালের কণ্ঠকে বলেন, ‘আমরা কোয়ান্টিটির চেয়ে কোয়ালিটির ওপর বেশি গুরুত্ব দিয়ে থাকি। তাই গুণগত শিক্ষা নিশ্চিত করতে আপাতত বিভাগের সংখ্যা কম। তবে এই সংখ্যা ভবিষ্যতে বাড়বে। এ ছাড়া ভালো শিক্ষক নিয়োগ দেওয়ার পাশাপাশি শিক্ষকদের বছরে দুটি সেশনে প্রশিক্ষণের ব্যবস্থা করি। এ জন্য পর পর দুইবার সেরা মহিলা কলেজের গৌরব আমরা অর্জন করেছি।’ তিনি আরো বলেন, ‘আমাদের শুধু উচ্চ মাধ্যমিকেই নয়, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরাও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে। তা ছাড়া আমরা বার্ষিক পিকনিক এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে থাকি।’ শিক্ষার্থীদের পরিবহনের দাবির বিষয়ে জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করতে চাননি।

মন্তব্য

**0 Comments** Sort by **Newest**

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 10 টুইট

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the US Might be Easier Than You Thinl**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

Play this Game for 2 Minutes
বিজ্ঞাপন planetcapture.io...

মেয়ের গৃহশিক্ষকের প্রেমে মজে...
kalerkantho.com

New Border Design Saree
বিজ্ঞাপন Alibaba.com

জানেন, মানুষের চোখ কেন মেগাপি
kalerkantho.c

Amsterdam: Public Transport Ticket
বিজ্ঞাপন GetYourGuide

বিনা কারণে ক্লান্তি হতে পারে ভয়ানক...
kalerkantho.com

মহানবী (সা.) দেখতে কেমন ছিলেন
kalerkantho.com

নামের অ 'মোহাম্ম তাই সম
kalerkantho.c

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the US Might be Easier Than You Think**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the US Might be Easier Than You Thinl**

**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the US Might be Easier Than You Thinl**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

**ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)**
**ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)**

## You May Like

(https://trkwl.me/?flux_fts=claxaxtxqzqziaxitleciqxqpcaizitcltaao1a406&campaign={campaign}&publisher=eastwestmedia-kalerkantho&ad=Is+This+the+Solution+To+Bangladesh%E2%80%99s+Mosquitos+We%E2%80%99ve+All+Been+Looking+For%3F&creative=http%3A%2F%2Fblogs

### Is This the Solution To Bangladesh's Mosquitos We've All Been Looking For?

**Moskinator**

(https://trkwl.me/?flux_fts=claxaxtxqzqziaxitleciqxqpcaizitcltaao1a406&campaign={campaign}&publisher=eastwestmedia-kalerkantho&ad=Is+This+the+Solution+To+Bangladesh%E2%80%99s+Mosquitos+We%E2%80%99ve+All+Been+Looking+For%3F&creative=http%3A%2F%2Fblogs
(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

### Getting a Job in the US Might be Easier Than You Think

**Jobs USA | Search Ads**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(https://moneymorningpaper.com/top-luxury-trains/?utm_source=taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho&utm_content=http%3A%2F%2Fcdn.taboola.com%2Flibtrc%2Fstatic%2Fthumbnails%2F78627be0e0093ac1d01c27a2d692ffc8.jpgaThe+World%27s+10+MMP-train-Desk-IN)

### The World's 10 Most Luxurious Trains

**Money Morning Paper**

(https://moneymorningpaper.com/top-luxury-trains/?utm_source=taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho&utm_content=http%3A%2F%2Fcdn.taboola.com%2Flibtrc%2Fstatic%2Fthumbnails%2F78627be0e0093ac1d01c27a2d692ffc8.jpgaThe+World%27s+10+MMP-train-Desk-IN)
(http://www.tripminutes.com/25-most-dangerous-cities-in-the-world-for-travelers/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233831872&utm_medium=referral&utm_campaign=DangerousCities-WW-DTM-TRM-TB)

### 25 Most Dangerous Cities in The World for Travelers

**Trip Minutes**

(http://www.tripminutes.com/25-most-dangerous-cities-in-the-world-for-travelers/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233831872&utm_medium=referral&utm_campaign=DangerousCities-WW-DTM-TRM-TB)
(https://mrgadgetpro.com/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3fl kalerkantho)

### Your music without wires, discover the new iHeadphones.

**iHeadphones**

(https://mrgadgetpro.com/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3fl kalerkantho)
(http://luxxory.com/25-dangerous-foods-for-those-with-high-blood-pressure/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=247582064&utm_medium=referral&utm_campaign=dangerousfoods-low-lux)

### Eating with High Blood Pressure: 25 Foods and Drinks to Avoid

**Luxxory**

(http://luxxory.com/25-dangerous-foods-for-those-with-high-blood-pressure/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=247582064&utm_medium=referral&utm_campaign=dangerousfoods-low-lux)

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

### Getting a Job in the US Might be Easier Than You Thinl

**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

(http://www.foodprevent.com/drink-this-before-going-to-bed-to-help-burn-belly-fat/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=287_FP_Drink_fat_t4_all&utm_content=139584759)

**Drink This Before Going to Bed to Help Burn Belly Fat – Food Prevent**

**Food Prevent**

(http://www.foodprevent.com/drink-this-before-going-to-bed-to-help-burn-belly-fat/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=287_FP_Drink_fat_t4_all&utm_content=139584759)

(http://a-prime-in-suv.fyi?sub_id=taboola_31293_System1_NewSUV_all_ALL_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=suv+price+${city}$&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

**New SUV Prices in Hobiganj Sadar Might Shock You**

**SUV | Search Ads**

(http://a-prime-in-suv.fyi?sub_id=taboola_31293_System1_NewSUV_all_ALL_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=suv+price+${city}$&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the US Might be Easier Than You Thinl**

**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**